

প্রকল্প আহ্বানের বিজ্ঞপ্তি

ইউজিসি অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য গবেষণা প্রকল্পের প্রস্তাবনা (শিক্ষক/ছাত্র-ছাত্রী) আগামী ২৮-০২-২০২১ ইং তারিখের মধ্যে নিম্নের নিয়মাবলী অনুযায়ী দাখিল করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করছি।

নিয়মাবলী :

(ক) গবেষণা প্রকল্পের নির্ধারিত আবেদন ফরম (শিক্ষকদের জন্য Annexure-A এবং শিক্ষার্থীদের জন্য Annexure-B) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iu.ac.bd থেকে সংগ্রহ করা যাবে। নিম্নের শর্তে প্রকল্প জমা দিতে হবে :

- (১) গবেষণা প্রস্তাবনা যথাযথভাবে পূরণ করে ৩(তিন)কপি জমা দিতে হবে এর মধ্যে ২(দুই)টি কপিতে গবেষণা পরিচালকের নাম, বিভাগ, তত্ত্বাবধায়ক ও সভাপতির স্বাক্ষর থাকবে না।
- (২) নির্ধারিত ফরমে প্রকল্প জমা দিতে হবে। অন্যথায় প্রকল্প বাতিল বলে গণ্য হবে।
- (৩) প্রফর্ম্যা অনুযায়ী বাজেট প্রণয়ন করতে হবে।
- (৪) একাধিক প্রকল্প জমা দেওয়া যাবে না, দিলে সব প্রকল্প বাতিল বলে গণ্য হবে।

(খ) যোগ্যতা :

শিক্ষকদের ক্ষেত্রে : অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত শিক্ষক হতে হবে। প্রথম লেখক বা যোগাযোগকারী লেখক হিসেবে পিয়ার রিভিউড এবং রেফার্ড/ইমপেকস্ট ফেক্টর জার্নালে ৩টি প্রবন্ধ প্রকাশিত হতে হবে।

ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে : ছাত্র-ছাত্রীকে অত্র বিশ্ববিদ্যালয়ে গ্রাজুয়েট/পোস্ট গ্রাজুয়েট লেভেলে (মাস্টার্স/এম.ফিল/পিএইচ.ডি) অধ্যয়নরত হতে হবে এবং তাকে উপরে শিক্ষকদের জন্য নির্ধারিত যোগ্যতা সম্পন্ন একজন তত্ত্বাবধায়কের অধীনে কাজ করতে হবে। তাকে আন্ডার গ্রাজুয়েট বা ক্ষেত্র মতে গ্রাজুয়েট (এম.ফিল ও পিএইচ.ডি'র ক্ষেত্রে) উভয় পরীক্ষায় কমপক্ষে সিজিপিএ ৩.৫০ পেতে হবে। এস.এস.সি এবং এইচ.এস.সি উভয় পরীক্ষায় পৃথকভাবে জিপিএ ৪.০০ পেতে হবে। শ্রেণী সিস্টেমে সকল পরীক্ষায় ১ম বিভাগ থাকতে হবে। প্রমাণ স্বরূপ পরীক্ষা পাসের সনদ বা মার্কশিট দাখিল করতে হবে।

(গ) যথাযথভাবে পূরণকৃত গবেষণা প্রস্তাবনা সংশ্লিষ্ট বিভাগের সভাপতি ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক ও সভাপতির স্বাক্ষরসহ

আগামী ২৮-০২-২০২১ ইং তারিখের মধ্যে একাডেমিক শাখায় উপ-রেজিস্ট্রার (শিক্ষা) জনাব মোঃ রুহুল আমিন লস্কার-এর নিকট জমা দিতে হবে।

(ঘ) প্রকল্পের মেয়াদ ১ বছর অর্থাৎ ১লা জুলাই ২০২১ হতে ৩০ জুন-২০২২ পর্যন্ত বহাল থাকবে। গবেষণা প্রকল্পের জন্য অ, আ. অনুচ্ছেদে প্রদত্ত সর্বোচ্চ সীমার মধ্যে বাজেট প্রণয়ন করতে হবে:

(অ) থিওলজি/কলা/মানবিক/সামাজিকবিজ্ঞান/আইন/বানিজ্য : শিক্ষক সর্বোচ্চ ১,২৫,০০০/= (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা এবং ছাত্র-ছাত্রী সর্বোচ্চ ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা।


(আ) ফিজিক্যাল/বায়োলজিক্যাল এবং মৃত্তিকা বিজ্ঞান/প্রকৌশল/কৃষি/লাইভস্টক/মৎস/চিকিৎসা/পুষ্টি বিজ্ঞান ইত্যাদি।
শিক্ষক সর্বোচ্চ ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকা এবং ছাত্র-ছাত্রী সর্বোচ্চ ৭০,০০০/= (সত্তর হাজার) টাকা।

উল্লিখ্য কর্তৃপক্ষ উপযুক্ত মনে করলে প্রকল্পের প্রস্তাবিত বাজেট বৃদ্ধি বা হ্রাস করতে পারবে।

(ঙ) গবেষণা প্রস্তাবনা মূল্যায়নে নির্বাচিত হলে নির্বাচিতদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে এবং নির্বাচিত প্রকল্পের পরিচালককে অনুমোদিত গাইডলাইন অনুযায়ী গবেষণা কর্ম সম্পন্ন করতে হবে এবং যথা নিয়মে প্রতিবেদন দাখিল করতে হবে

বি.দ্র. (১) ২০২০-২০২১ অর্থ বছরে যারা প্রকল্প গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(২) ২০১৯-২০২০ অর্থ বছর কিংবা তৎপূর্বে যারা প্রকল্প গ্রহণ করেছেন অথচ সমন্বয় করেন নাই তাদের আবেদন করার প্রয়োজন নেই।


১৬/০২/২০২১
উপ-রেজিস্ট্রার (শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

তারিখঃ- ১৬-০১-২০২১

স্মারক নং-১৪১/শিক্ষা/ইবি-২০২১/৬৬৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। উীন, অনুসদ, ইবি।
- ২। সভাপতি, বিভাগ, ইবি।
- ৩। প্রভোষ্ট, হল, ইবি।
- ৪। পরিচালক, আই.সি.টি সেল (বিজ্ঞপ্তিটি প্রচার করার জন্য অনুরোধ করছি)।
- ৫। নথি।